



বাউবি/প্রশা(সাধা)/সভা-৭৯(৫১/২)/৯৭/১৫১৪

তারিখ: ১০/০৪/২০১৭

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের জন্য
“ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা” শীর্ষক রচনা প্রতিযোগিতা

ঐতিহাসিক মুজিবনগর দিবস ১৭ এপ্রিল ২০১৭ উদযাপন উপলক্ষে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের জন্য “ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা” শীর্ষক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এ প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের এসএসসি, এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারবে। অগ্রহী শিক্ষার্থীদের রচনা যথাক্রমে এসএসসি পর্যায়ে সর্বোচ্চ ১,০০০ শব্দ, এইচএসসি পর্যায়ে ১,৫০০ শব্দ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ২,০০০ শব্দের মধ্যে সীমিত থাকতে হবে। রচনা বাংলায় নিম্নের ইমেইলে dir.lwrc@bou.edu.bd ১৭ এপ্রিল ২০১৭ তারিখ বিকাল ৪:০০টা পর্যন্ত গ্রহণ করা হবে। অংশগ্রহণকারীদের নিজের নাম, প্রোগ্রামের নাম, আইডি নম্বর, আঞ্চলিক কেন্দ্র উল্লেখ করে মেইল করতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের রচনার ফলাফল জুরিবোর্ড কর্তৃক নির্ধারিত হবার পর বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। যে কোন তথ্যের জন্য সংশ্লিষ্ট ডিন অফিস, আঞ্চলিক কেন্দ্র, বিশ্ববিদ্যালয়ের তথ্য ও গণসংযোগ বিভাগ ও কম্পিউটার বিভাগে যোগাযোগ করা যেতে পারে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

(অধ্যাপক ড. আবুল হোসাইন আহমেদ ডুইয়া)
রেজিস্ট্রার (দায়িত্বপ্রাপ্ত)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. ডিন/পরিচালক/বিভাগীয় প্রধান,, স্কুল/বিভাগ, বাউবি।
২. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। বিষয়টি বাউবির ওয়েব সাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
৩. সভাপতি/সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, বাউবি।
৪. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি। সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে বিষয়টি অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
৫. একান্ত সচিব-১/একান্ত সচিব-২, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. সহকারী পরিচালক, ট্রেজারার-এর দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. পি এ টু রেজিস্ট্রার, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯. সংশ্লিষ্ট নথি।